দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 3



# সরকার নারী শিক্ষার উন্নয়নে সচেষ্ট —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, সমাজ ও দেশের সার্বিক উন্নয়নের প্রচেষ্টার সাথে সাথে বর্তমান সরকার নারী-সমাজের শিক্ষা তথা উন্নয়নের জন্য বিশেষভাবে যত্নবান ও মনোযোগী। তিনি গতকাল (মঙ্গলবার) গার্হস্থ্য অর্থনীতি মহাবিদ্যা-

(২য় পৃঃ দ্রঃ)

# কৃষি শিক্ষার বিভিন্ন দিক পর্যালোচনা

(ইত্তেফাক রিপোর্ট)

জাতীয় শিক্ষা কমিশনের ১৩টি ষ্টাডি কমিটির অন্যতম কৃষি শিক্ষা কমিটি গতকাল (মঙ্গলবার) ঢাকায় অনুষ্ঠিত বৈঠকে প্রাথমিক হইতে মাধ্যমিক স্তরের কৃষি শিক্ষার দিক পর্যালোচনা করিয়াছে। স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের

(২য় পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

লয়ের নব নির্বাচিত ছাত্রী সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে একথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, এই সরকারের আমলেই প্রতিষ্ঠিত হইয়াছে মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউট ও মেয়েদের ক্যাডেট কলেজ। তিনি বলেন, শিক্ষা ক্ষেত্রে প্রয়োজনীয় মানোন্নয়ন অর্জন করিতে হইবে এবং শিক্ষার উদ্দেশ্য জ্ঞানার্জন ও শিক্ষিত হওয়া উচিত। শুধু কোন প্রকার সার্টিফিকেট অর্জন নয়। পরীক্ষা পদ্ধতির পরিবর্তন প্রসঙ্গে তিনি বলেন, সংস্কারের মাধ্যমে এবং প্রশাসনিক ও পদ্ধতিগত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে পরীক্ষা পদ্ধতির পরিবর্তন সাধন করা হইবে।

মন্ত্রী কলেজের বিভিন্ন অংশ ঘুরিয়া ঘুরিয়া দেখেন এবং বিভিন্ন ক্ষেত্রে কলেজের সংস্কার ও উন্নতি সাধনের আশ্বাস দেন।—তথ্য বিবরণী।

## কৃষি শিক্ষার বিভিন্ন দিক

(১ম পৃঃ পর)

পাঠ্যক্রম ও শিক্ষাক্রমের দিকগুলি এসব ষ্টাডি কমিটির বৈঠকে 'বিতর্কের ভয়ে' এড়াইয়া যাওয়া হইতেছে।

প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে পরিবেশ বিজ্ঞানের আওতায় পঠিত কৃষিবিজ্ঞানের মূল্যায়নকালে গতকাল ষ্টাডি কমিটি লক্ষ্য করেন যে, কৃষি বিজ্ঞানের কয়েকটি গুরুত্বপূর্ণ দিক মাটি, গবাদিপশু, মৎস্য বিষয়ক জ্ঞান পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত হয় নাই। ১৯৭৬ সনে সাব্যস্ত পাঠ্যক্রমে গুরুতর কিছু ভুলের সন্ধান পাইয়া এ ষ্টাডি কমিটি মাধ্যমিক স্তর পর্যন্ত কৃষি জ্ঞানদানের বিভিন্ন দিক আরও বিশদভাবে পর্যালোচনার সিদ্ধান্ত নিয়াছে।